

শর্ত পূরণ না করা
বেসরকারি বিশ্ববিদ্যালয়ের
বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় সরকারের নীতিমালা অনুসরণ করছে না তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে, তারা বেশি দিন চলতে পারবেন না। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গতকাল রাজধানীর ফার্মগেটে অবস্থিত কৃষিবিদ ইনস্টিটিউটে সেন্ট্রাল উইমেঙ্গ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে আচার্য রত্নপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সমাবর্তনে এক হাজার ৪৬১ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা হয়। ৬ জন শিক্ষার্থীকে চ্যাপেলের স্বর্ণপদক ও ১০ জনকে ডাইস চ্যাপেলের স্বর্ণপদক প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী কৃতী শিক্ষার্থীদের হাতে পদক তুলে দেন। সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, সেন্ট্রাল উইমেঙ্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারপারসন কাজী জাহেদুল হাসান, বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও ছোভার স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান মালেকা বেগম প্রমুখ বক্তব্য রাখেন। সমাবর্তন বক্তা ছিলেন বিশিষ্ট রত্নবিজ্ঞানী ও সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানিত ফেলো ড. রওনক জাহান।

সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, সরকারের দূরদর্শিতার কারণে সমাজের সর্বক্ষেত্রে নারী বিশেষ দক্ষতা ও যোগ্যতার প্রমাণ রাখতে সমর্থ হয়েছে। জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের বাইরেও অনেক নারী সংসদ সদস্য নির্বাচিত হয়ে যোগ্যতার প্রমাণ রেখে চলেছেন।

ড. রওনক জাহান বলেন, একজন মেয়েকে এগিয়ে আসতে হলে তার স্বপ্নের বাস্তবায়ন করতে দিতে হবে। সমাজের আর দশ জন কি জানে তা নিয়ে বেশি চিন্তা করলে স্বপ্নের বাস্তবায়ন হবে না। সমাজের বহুমূল্য রীতিও বদলায়, যখন সমাজ উপলব্ধি করে যে, পরিবর্তনটা সমাজের জন্য মঙ্গলজনক।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, তি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
	